# উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ০১-৩০ টা, তারিখ : ০৩-০২-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | এন, এম ইশফাকুল কবীর | প্রশাসক (অ.দা.) | সভাপতি | |
| ২ | মোঃ সহিদ হোসেন | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. | সদস্য | |
| ৩ | মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | মোঃ জিয়াউর রহমান জিয়া | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. | সদস্য | |
| ৫ | মোঃ নাহিদ সুলতান | উপজেলা প্রশিক্ষক | সদস্য সচিব | 03.02.25 |

উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি: এন,এম,ইশফাকুল কবীর,প্রশাসক(অ.দা.) ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
তারিখ : ০৩/০২/২০২৫ খ্রি:
সময় : সকাল: ০১.৩০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয় । অতঃপর সভায় নিম্নরূপ আলোচ্যসূচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা আইন-শৃঙ্খলা কার্যক্রম জোড়দারকরন:** প্রশাসক (অ.দা.) মহোদয় সভায় জানান যে, উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুব ভালো।তবে ইদানিং চুরি-চামারি অনেক বেড়ে যাওয়ায় সভায় ভাইস চেয়ারম্যান মহোদয় বলেন যে, আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও ভাল ও চুরি-চামারি রোধ করার জন্য আনসার ভিডিপি সদস্যদের সদা তৎপর থাকতে হবে। আনসার ও ভিডিপি সদস্যদের ধন্যবাদ জানায় তারা তাদের ইউনিয়ন ও ওর্য়াড থেকে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করায়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধিসহ সরকারি বেসরকারি সবাইকে ঐক্যবদ্ধ থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইন-শৃঙ্খলাবিষয়ক কমিটি পীরগঞ্জ,ঠাকুরগাঁও। |
| ০২ | **চুরি ও ইভটিজিং বিরোধী কার্যক্রম বৃদ্ধিকরণ:** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে,ইদানিং গ্রাম সহ বিভিন্ন এলাকায় গরু চুরিসহ অন্যান্য মালামাল চুরির হার বৃদ্ধি পেয়েছে।এছাড়া রাস্তার মোড়ে অথবা শিক্ষা প্রতিষ্ঠানের পাশে উঠতি বয়সের যুবক ,নেশাখোর ও বখাটে যুবকরা মেয়েদেরকে ইভটিজিং করছে যার সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।ফলে নারী ও মেয়ে শিক্ষার্থীরা স্বাভাবিক চলাচলে অস্বস্তি বোধ করছেন।উক্ত বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং জনপ্রতিনিধিসহ সরকারি বেসরকারি সকল স্টেকহোল্ডারদের সমন্বয়ে ইভটিজিং বিরোধী কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহতি হয়। সমাজ ব্যবস্থা সচল করাখতে আনসার বাহিনীকে সক্রিয় থাকার আদেশ প্রদান করে। | জনপ্রতিনিধিসহ সরকারি বেসরকারি স্টেকহোল্ডারদের সমন্বয়ে ইভটিজিং বিরোধী কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহতি হয়। | উপজেলা আইন-শৃঙ্খলাবিষয়ক কমিটি পীরগঞ্জ,ঠাকুরগাঁও। |
| ০৩ | **মাদকের বিস্তার রোধে মনিটরিং জোড়দারকরণ:** উপজেলা পরিষদ সভায় জানান যে, ইদানিংকালে মাদক বিক্রি ও মাদক সেবনের হার ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। তাই যার যার অবস্থান থেকে মাদকের বিস্তার রোধে মনিটরিং জোড়দার করা এবং আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী ও উপজেলা প্রশাসনকে তথ্য দিয়ে সহযোগিতা করা প্রয়োজন। উক্ত বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং মাঠ পর্যায়ের আনসার ভিডিপি সদস্যদের কার্যক্রম আরো জোড়দার করার বিষয়ে সকলে একমত পোষন করেন। | মাঠ পর্যায়ে মাদকের বিস্তার রোধে মনিটরিং জোড়দার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি পীরগঞ্জ,ঠাকুরগাঁও। |
| ০৪ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:** কমিটির সভাপতি ও প্রশাসক(অ.দা.)বলেন যে, স্থায়ী কমিটির সভা নিয়মিত আয়োজন করা প্রয়োজন । তিনি উক্ত কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য সদস্য সচিবকে কার্যকরী উদ্যোগ গ্রহন করার জন্য অনুরোধ করেন। | নিয়মিত সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইন-শৃঙ্খলাবিষয়ক কমিটি পীরগঞ্জ,ঠাকুরগাঁও। |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/০২/২৫

( এন,এম ইশফাকুল কবীর )
প্রশাসক(অ.দা), ঠাকুরগাঁও।
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটি
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ভিডিপি কর্মকতার কার্যালয়
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

স্মারক নং- ৪৪.০৩.৯৪৮২.০০৫.১০.০০১.২৫- ৫৮

তারিখঃ ২০ মাঘ ১৪৩১। / ০৩ ফেব্রুয়ারি ২০২৫খ্রিঃ।

অনুলিপি( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক ,ঠাকুরগাঁও,
২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান ........................ইউ,পি।
৪। অফিস কপি ।

03.02.25

(নাহিদ সুলতান)
উপজেলা প্রশিক্ষক
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
ও
সদস্য সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক বিষয়ক কমিটি।
পীরগঞ্জ,ঠাকুরগাঁও।

CS CamScanner